

# UITS Newsletter

UNIVERSITY OF INFORMATION TECHNOLOGY & SCIENCES



## আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমানের ৮২তম জন্মদিন উদযাপন

১২ মার্চ ২০২৪ খ্রি., বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর বোর্ড অব ট্রাস্টিজ ও পিএইচপি ফ্যামিলির মাননীয় চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমানের ৮২তম জন্মদিন, একই সাথে ইউআইটিএস দিবস উপলক্ষে আলোচনা সভা ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়। উল্লেখ্য, আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান ১২ মার্চ ১৯৪৩ খ্রিস্টাব্দে ঢাকা বিভাগের নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ থানার অন্তর্গত কাঞ্চন পৌরসভার চরপাড়া গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার সভাপতিত্বে এবং রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসানের সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক অধ্যাপক ড. শাহ কাওসার মুস্তফা আবুলউলায়ী ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত অধ্যাপক ড. মোহাম্মদ কায়কোবাদ।

অনুষ্ঠান স্থলে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, সম্মানিত পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আ.ন.ম. শরীফ, অনুষদসমূহের ডিন, বিভাগীয় প্রধানসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।



শরৎকালীন নবীনবরণ ২০২৩ অনুষ্ঠিত



ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর শরৎকালীন সেমিস্টার ২০২৩-এ ভর্তিকৃত শিক্ষার্থীদের বরণ করে নেয়ার লক্ষ্যে নবীনবরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। ১৩ নভেম্বর ২০২৩খ্রি., বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত নবীনবরণ উৎসবের প্রধান অতিথি ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য। প্রধান আলোচক ছিলেন ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজ ও পিএইচপি ফ্যামিলির মাননীয় চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, ‘এই বিশ্বায়নের যুগে প্রতিযোগিতায় টিকে থাকতে নিজেকে যোগ্যভাবে গড়ে তুলতে হবে। বিশ্ববিদ্যালয় কেবলমাত্র জীবনে কিভাবে শিখতে হয় তা শেখায়, বাকিটা নিজেকেই অর্জন করতে হয়।’ তিনি শিক্ষার্থীদেরকে নিজস্ব সংস্কৃতি ধারণ করার আহ্বান জানান। প্রধান আলোচক ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের মাননীয় চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান শিক্ষার্থীদের অভীষ্ট লক্ষ্যে পৌঁছাতে জীবনকে সেভাবে গড়ে তোলার উপদেশ প্রদান করেন। তিনি বলেন, সোনার বাংলাকে হীরার বাংলা হিসাবে গড়ে তুলতে হবে। জীবনের গভীরে অনেক বড় স্বপ্ন ধারণ করতে হবে; লালন করতে হবে। সমস্ত মানবিক গুণাবলিতে ভূষিত হয়ে জীবনকে সুন্দর করার চেষ্টা করবে। নবীনবরণ উৎসবে ভার্চুয়াল মাধ্যমে প্রধান আলোচক হিসাবে মাননীয় চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান এসব কথা বলেন।

আলোচনায় অংশগ্রহণ করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, আইন অনুষদের সম্মানিত ডিন এডভোকেট মো. আব্দুল মান্নান ভূঁইয়া প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন ব্যবসায় অনুষদের ডিন ড. ফারুক হোসেন। অনুষ্ঠান সঞ্চালনার দায়িত্বে ছিলেন বিশ্ববিদ্যালয়ের সম্মানিত রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান।



মালয়েশিয়ার হাইকমিশনারের সাথে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মহোদয়ের সৌজন্য সাক্ষাৎ

ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর সম্মানিত রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান ২১ জানুয়ারি ২০২৪ খ্রি., মালয়েশিয়ার হাইকমিশনে নিযুক্ত মান্যবর হাইকমিশনার মিসেস হাজনাই এমডি হাশিমের সাথে সৌজন্য সাক্ষাত ও চা পানের নিমন্ত্রণে এক সৌহার্দপূর্ণ পরিবেশে অংশগ্রহণ করেন। রেজিস্ট্রার মহোদয় তাকে মালয়েশিয়ার হাইকমিশনে নিমন্ত্রণ জানানোয় ধন্যবাদ জ্ঞাপন করেন এবং মান্যবর হাইকমিশনারকে উচ্চশিক্ষা প্রসারে ইউআইটিএস-এর অবদানের বিষয় অবহিত করেন। এ সময় হাই কমিশনারের কার্যালয়ে রক্ষিত পরিদর্শন বইয়ে রেজিস্ট্রার মহোদয় তার অনুভূতি ব্যক্ত করেন।



বিদ্যার সাথে বিনয়, শিক্ষার সাথে দীক্ষা, কর্মের সাথে নিষ্ঠা, জীবনের সাথে দেশপ্রেম এবং মানবীয় গুণাবলীর সংমিশ্রণ ঘটাতে পারলেই সত্যিকারের আদর্শবান মানুষ হওয়া সম্ভব।

- আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান

একুশে পদকপ্রাপ্ত সমাজ সংস্কারক ও চেয়ারম্যান, বোর্ড অব ট্রাস্টিজ, ইউআইটিএস এবং পিএইচপি ফ্যামিলি



### শহীদ বুদ্ধিজীবী দিবস'২৩ পালন



১৪ ডিসেম্বর ২০২৩খ্রি., ভোর ৭:৩০ টায় ইউআইটিএস-এর মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান, প্রক্টর ড. মো. ইয়াছিন আলী, ছাত্রকল্যাণ উপদেষ্টা জনাব মো. তারিকুল ইসলাম, ইন্টারন্যাশনাল ডেকের অতিরিক্ত পরিচালক জনাব শুভ দাস, সহকারী প্রক্টর জনাব শামিম হোসেনসহ শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন। সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে জাতীয় পতাকা উত্তোলন (অর্ধনমিত), কালো পতাকা উত্তোলন ও কালো ব্যাজ ধারণের মাধ্যমে শহীদ বুদ্ধিজীবী দিবস পালনের কার্যক্রম শুরু হয়।

### মহান বিজয় দিবসে বীর মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা



ইউআইটিএস-এর বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান এবং মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া ১৬ ডিসেম্বর ২০২৩খ্রি., মহান বিজয় দিবসে বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা জানান। দিবসটি উদযাপন উপলক্ষে উপাচার্যের নেতৃত্বে ইউআইটিএস-এর শিক্ষক, ছাত্র এবং সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারী জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে মহান মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

উপাচার্যের সাথে ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান, প্রক্টর ড. মো. ইয়াছিন আলী, ছাত্রকল্যাণ উপদেষ্টা জনাব মো. তারিকুল ইসলাম, ইন্টারন্যাশনাল ডেকের অতিরিক্ত পরিচালক জনাব শুভ দাস, সহকারী প্রক্টর জনাব শামিম হোসেন, ডেপুটি রেজিস্ট্রার মো. আশরাফুল হক প্রমুখ।

### ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের মধ্য দিয়ে অমর

### ২১ ফেব্রুয়ারি ২০২৪ পালন



৫২'র ভাষা আন্দোলনে বৃকের তাজা রক্ত চেলে অকাতরে জীবন বিলিয়ে দেয়া মহান ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপনের মধ্য দিয়ে ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করে। বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার নেতৃত্বে শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীদের একটি দল কেন্দ্রীয় শহীদ মিনারে উপস্থিত হয়ে বেদিতে পুষ্পস্তবক অর্পণ এবং এক মিনিট নীরবতা পালনের মাধ্যমে ভাষা আন্দোলনে অংশগ্রহণকারী সকল ভাষা সৈনিকের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন।

এ সময় শহীদ মিনার প্রাঙ্গণে উপাচার্য মহোদয়ের সঙ্গি ছিলেন বিশ্ববিদ্যালয়ের সম্মানিত কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান, প্রক্টর ড. মো. ইয়াছিন আলী, ছাত্রকল্যাণ উপদেষ্টা জনাব মো. তারিকুল ইসলাম, ইন্টারন্যাশনাল ডেকের অতিরিক্ত পরিচালক জনাব শুভ দাস প্রমুখ।

### ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালন



২৬ মার্চ ২০২৪, সকালে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার নেতৃত্বে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে মহান মুক্তিযুদ্ধের বীর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদনের মাধ্যমে ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালন করে।

মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার সাথে এ সময় আরো উপস্থিত ছিলেন সম্মানিত কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান, প্রক্টর ড. মো. ইয়াছিন আলী, ছাত্রকল্যাণ উপদেষ্টা জনাব মো. তারিকুল ইসলাম, ইন্টারন্যাশনাল ডেকের অতিরিক্ত পরিচালক জনাব শুভ দাস, সহকারী প্রক্টর জনাব মো. মাসরুর ইসলাম, সহকারী প্রক্টর জনাব মেহেরাজুর রহমান, ডেপুটি রেজিস্ট্রার জনাব মোহাম্মদ আশরাফুল হকসহ শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থীবৃন্দ।

সূর্যোদয়ের সাথে সাথে ইউআইটিএস ক্যাম্পাসে জাতীয় পতাকা উত্তোলনসহ আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। আলোচনা সভায় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও সকলস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।



চীন সরকারের বৃত্তি ২০২৪ প্রোগ্রামের অংশ হিসাবে এইচইউএসটি-এর এনরোলমেন্ট পরীক্ষা ইউআইটিএস এ সফলভাবে সম্পন্ন



ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) ও বেল্ট অ্যান্ড রোড চাইনিজ সেন্টারের (বিআরসিসি) সহযোগিতায় ছয়জং ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির জন্য চীন সরকার কর্তৃক প্রদত্ত বৃত্তি ২০২৪ প্রোগ্রামের এনরোলমেন্ট পরীক্ষা ১৪ জানুয়ারি ২০২৪ খ্রি., বাংলাদেশ, মালয়েশিয়া ও ইন্দোনেশিয়ায় এক যোগে অনুষ্ঠিত হয়। চীন সরকার কর্তৃক প্রদত্ত এ বৃত্তি প্রোগ্রাম আন্তর্জাতিক অঙ্গণে উচ্চশিক্ষা বিনিময় ও সহযোগিতা বৃদ্ধিসহ শিক্ষা বিস্তারে বিশেষ গুরুত্ব রাখে। বৃত্তি ২০২৪-এর এনরোলমেন্ট পরীক্ষা সেই উচ্চ শিক্ষা বিনিময় কার্যক্রমকে বেগবান করার একটি গুরুত্বপূর্ণ অংশ, যা শিক্ষার্থীদের জন্য এইচইউএসটি তাদের অধ্যয়ন চালিয়ে যাওয়ার সুযোগ সৃষ্টি করেছে। উল্লেখ্য, এইচইউএসটি হচ্ছে চীনের উহানে অবস্থিত সে দেশের অন্যতম বিদ্যাপিঠ।

বাংলাদেশের শিক্ষার্থীদের আন্তর্জাতিক অঙ্গণে শিক্ষার সুযোগ করে দেয়ার লক্ষ্যেই এ ইভেন্টের আয়োজন করা হয়। দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে ১৫০ জন গ্রাজুয়েট চীনের বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (এইচইউএসটি) মাস্টার্স প্রোগ্রামে বৃত্তি নিয়ে ভর্তির লক্ষ্যে এ পরীক্ষায় অংশগ্রহণ করে।

পরীক্ষাপর্ব শেষে এইচইউএসটি'র প্রতিনিধিগণের উদ্যোগে ইউআইটিএস ক্যাম্পাসে অংশগ্রহণমূলক সেমিনার সেশন অনুষ্ঠিত হয়। চীন সরকারের বৃত্তি প্রোগ্রামের উপর বিস্তারিত তথ্য উপস্থাপন এবং অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের সামনে সম্ভাবনার দ্বার উন্মোচন করা হয়েছে সেমিনারের মূল উদ্দেশ্য।

ইউআইটিএস-এ স্কলার্স মিট শীর্ষক সেমিনারের আয়োজন



১৩ মার্চ ২০২৪ খ্রি., ইউআইটিএস-এর মিলনায়তনে স্কলার্স মিট শীর্ষক এক সেমিনারের আয়োজন করা হয়। মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার সভাপতিত্বে এবং রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসানের সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে আলোচনায় অংশগ্রহণ করেন অস্ট্রিয়ার ভিয়েনা ইউনিভার্সিটি অব টেকনোলজির অধ্যাপক ড. জেরাল্ড ফুটসেক। প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর বোর্ড অব ট্রাস্টিজ ও পিএইচপি ফ্যামিলির মাননীয় চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান। বিশেষ অতিথির আসন অলংকৃত করেন অধ্যাপক ড. মোহাম্মদ কায়কোবাদ। অধ্যাপক ড. জেরাল্ড ফুটসেক আলোচনা অনুষ্ঠানের পূর্বে সমাজ সেবায় একুশে পদকে ভূষিত আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমানের সাথে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন।

বিশ্ববিদ্যালয়ের কদমতলী রুটে নতুন বাস সংযোজন



২৫ মার্চ ২০২৪ খ্রি., ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর শিক্ষার্থীদের জন্য কদমতলী রুটে একটি নতুন বাস অন্তর্ভুক্ত করা হয়। শিক্ষার্থীদের চাহিদার প্রেক্ষিতে ৭ নং রুটে এ নতুন বাসটির উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের সম্মানিত রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান। এ সময় তার সাথে আরো উপস্থিত ছিলেন ইন্টারন্যাশনাল ডেকোর অতিরিক্ত পরিচালক জনাব শুভ দাস, উপ-রেজিস্ট্রার জনাব আশরাফুল হক প্রমুখ। ইতিপূর্বে গত ২০ ফেব্রুয়ারি ২০২৪, ডেমরা স্টাফ কোয়ার্টার রুটের শিক্ষার্থীদের পরিবহন সুবিধা বিবেচনায় একটি নতুন বাস সংযোজন করা হয়।

উল্লেখ থাকে যে, গাউছিয়া-ভুলতা, সাইনবোর্ড (কুমিল্লা-চট্টগ্রাম রোড), জাতীয় বিশ্ববিদ্যালয় গেট (গাজীপুর), আমিন বাজার, মিরপুর বাংলা কলেজ, ডেমরা স্টাফ কোয়ার্টার ও কদমতলীসহ মোট সাতটি রুটে ইউআইটিএস কর্তৃপক্ষ শিক্ষার্থীদের নিয়মিত পরিবহন সেবা প্রদান করে আসছে।

কিউংডং ইউনিভার্সিটি গ্লোবালের প্রতিনিধি দলের সাথে ইউআইটিএস-এর উচ্চ পর্যায়ের মত বিনিময় সভা



ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) উদ্যোগে ২৩ এপ্রিল ২০২৪ খ্রি., দক্ষিণ কোরিয়ার কিউংডং ইউনিভার্সিটি গ্লোবাল থেকে আগত একটি প্রতিনিধি দলের সাথে বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের এক উচ্চপর্যায়ের মত বিনিময় সভার আয়োজন করা হয়। কিউংডং ইউনিভার্সিটি গ্লোবালের প্রতিনিধি দলে ছিলেন উক্ত বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট অধ্যাপক ড. জন কিউলি, অ্যাডমিশন সেন্টারের মহাপরিচালক জুলিয়া জং ও বিশ্ববিদ্যালয়টির আন্তর্জাতিক অনুষদের ডিন অধ্যাপক ড. নূর আলম মোহাম্মদ। ইউআইটিএস-এর পক্ষে মাননীয় উপাচার্যের নেতৃত্বে সম্মানিত কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান ও আইকিউএসি-এর পরিচালক প্রকৌশলী মো. সাফায়েত হোসেন উপস্থিত ছিলেন। সভায় উভয় পক্ষ বিশ্ববিদ্যালয় দুটির মাঝে সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলার বিষয়ে পারস্পরিক আগ্রহ প্রকাশ করেন।

## ইউআইটিএস-এর শিক্ষার্থীদের মাঝে রত্নগর্ভা তাহমিনা রহমান বৃত্তি প্রদান



শরৎকালীন সেমিস্টার ২০২৩-এ বিভিন্ন বিভাগ থেকে মোট ত্রিশজন মেধাবী শিক্ষার্থী রত্নগর্ভা তাহমিনা রহমান বৃত্তি লাভ করেন।

ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজ এবং পিএইচপি ফ্যামিলির সম্মানিত চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমানের সহধর্মিণী ও বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য জনাব তাহমিনা রহমানের নামে গঠিত 'রত্নগর্ভা তাহমিনা রহমান বৃত্তি তহবিল'-এর অধীনে ইউআইটিএস'র প্রতি বিভাগ থেকে ন্যূনতম একজন ছাত্রীসহ তিনজন শিক্ষার্থীকে প্রতি সেমিস্টারে এ বৃত্তি দেয়া হয়ে থাকে।

২৭ নভেম্বর ২০২৩খ্রি., বিশ্ববিদ্যালয়ের রত্নগর্ভা তাহমিনা রহমান মাল্টিপারপাস হলে রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসানের সঞ্চালনায় অনুষ্ঠিত এ বৃত্তির চেক প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া। আমন্ত্রিত অতিথি হিসাবে আলোচনায় অংশগ্রহণ করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, অনুযদসমূহের ডিন। অনুষ্ঠানস্থলে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মাঝে উপস্থিত ছিলেন বিভাগীয় প্রধান, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং অভিভাবকবৃন্দ।

## আইন বিভাগের উদ্যোগে The Joy of Legal Research শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



ইউআইটিএস আইন বিভাগের আয়োজনে The Joy of Legal Research শীর্ষক কর্মশালা ১৪ আগস্ট ২০২৩ খ্রি., অনুষ্ঠিত হয়। বিভাগের বিভাগীয় প্রধান জনাব রোস্তমা বেগম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের সম্মানিত ডিন ড. এস এম মাসুম বিল্লাহ। আমন্ত্রিত প্রধান বক্তা তাঁর প্রাণবন্ত উপস্থাপনার মাধ্যমে গবেষণার প্রয়োজনীয়তাসহ গবেষণার বিভিন্নক্ষেত্রের উপর আলোকপাত করেন। কর্মশালায় আমন্ত্রিত অতিথির মধ্যে বিশ্ববিদ্যালয়ের সম্মানিত রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান উপস্থিত ছিলেন।

আইন বিভাগের মুট কোর্টে অনুষ্ঠিত কর্মশালায় উক্ত বিভাগের সম্মানিত সকল শিক্ষক ও শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

## ২২তম হিউম্যানরাইটস সামার স্কুলের কর্মশালায় ইউআইটিএস আইন বিভাগের শিক্ষার্থীর অংশগ্রহণ



১৭ অক্টোবর ২০২৩ খ্রি., মানিকগঞ্জের প্রশিকা কেন্দ্রে বাংলাদেশ এবং নেপালের ১৭টি বিশ্ববিদ্যালয়ের ৪২ জন শিক্ষার্থীর অংশগ্রহণে মানবাধিকার ও মানব সুরক্ষা বিষয়ে ২২তম হিউম্যানরাইটস সামার স্কুলের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। এ কর্মশালায় ইউআইটিএস আইন বিভাগের পক্ষে স্নাতকোত্তর কোর্সে অধ্যয়নরত কৃতি শিক্ষার্থী আঞ্জুমানারা ইতি অংশগ্রহণ করে। সামার স্কুলের সেশন পরিচালনায় ছিলেন জাতিসংঘ, ভারত, ইরান ও নেপাল থেকে আগত প্রতিনিধিবর্গ।

বাংলাদেশ মানবাধিকার কমিশনের সাবেক চেয়ারম্যান ড. মো. মিজানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ওবায়দুল হাসান উপস্থিত থেকে কর্মশালায় অংশগ্রহণকারী সকল শিক্ষার্থীকে উৎসাহিত করেন।

আমন্ত্রিত অতিথির মাঝে আরো উপস্থিত ছিলেন, এমপাওয়ারমেন্ট থ্রো ল' অব দ্যা' কমন পিপলের (এলকপের) পরিচালক ড. মাসুম বিল্লাহ, প্রশিক্ষক ড. ইফতেখার মাহমুদ প্রমুখ।

## বিশ্ব ফার্মাসিস্ট দিবস ২০২৩ উদযাপন



১৮ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. থেকে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে ইউআইটিএস ফার্মেসি বিভাগ সাত দিনব্যাপী বিশ্ব ফার্মাসিস্ট দিবস পালন করে। ইভেন্টগুলোর মধ্যে ছিলো- বিতর্ক প্রতিযোগিতা, ফার্মা অলিম্পিয়াড, ফটোগ্রাফি কনটেস্ট, ইনডোর ও আউটডোর গেমস, ক্যারিয়ার বিষয়ক সেমিনার, ইত্যাদি।

২৫ সেপ্টেম্বর সকালে বর্ণাঢ্য র্যালী শেষে রত্নগর্ভা তাহমিনা রহমান মাল্টিপারপাস হলে বিশ্ব ফার্মাসিস্ট দিবস ২০২৩ উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। ফার্মেসি বিভাগের বিভাগীয় প্রধান জনাব মো. মোফাজ্জল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথির বক্তব্য প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া। উপাচার্য মহোদয় বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমানের মানব হিতৈষী কাজের কথা উল্লেখ করে ফার্মাসিস্টদের মানব কল্যাণে কাজ করে যাওয়ার আহ্বান জানান।

বিশেষ অতিথির আসন অলঙ্কৃত করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আশরাফুল ইসলাম এবং রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান। সভায় ফার্মেসি বিভাগের সম্মানিত শিক্ষকমণ্ডলী ও শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।



## সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের আয়োজনে ২য় অটোক্যাড ড্রাফটিং প্রতিযোগিতা



সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ ও ইউআইটিএস সিভিল ইঞ্জিনিয়ারিং ক্লাবের যৌথ উদ্যোগে ৩ নভেম্বর ২০২৩ খ্রি., ২য় অটোক্যাড ড্রাফটিং প্রতিযোগিতা সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের সুপার কম্পিউটার ল্যাবে আয়োজন করা হয়। প্রতিযোগিতার সূচনালগ্নে অংশগ্রহণকারী প্রতিযোগীদের মাঝে অনুষ্ঠানের টি-শার্ট ও ইউআইটিএস নিউজলেটার বিতরণ করা হয়।

২য় অটোক্যাড ড্রাফটিং প্রতিযোগিতার মূল্যায়নপর্ব শেষে বিভাগটির বিভাগীয় প্রধান জনাব আয়শা আজারের সভাপতিত্বে রত্নগর্ভা তাহমিনা রহমান মাল্টিপারপাস হলে আয়োজিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া। বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন ছাত্রকল্যাণ উপদেষ্টা মো. তারিকুল ইসলাম। আলোচনাপর্ব শেষে বিজয়ীদের মধ্যে চেক ও বই বিতরণ করা হয়। প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন করেন ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর শিক্ষার্থী আবু বকর সিদ্দিক। দ্বিতীয় স্থান অর্জন করেন প্রেসিডেন্সি ইউনিভার্সিটির জনাব মশিউর রহমান এবং তৃতীয় হন ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের শিক্ষার্থী জনাব সাইদুর রহমান।

দিনব্যাপী আয়োজিত প্রতিযোগিতায় টাইটেল স্পন্সর হিসাবে ছিলো আয়রন বিল্ট এবং মিডিয়া পার্টনার ছিলো দৈনিক ইত্তেফাক ও জাগো নিউজ ২৪.কম।

## নাসা স্পেস এ্যাপ চ্যালেঞ্জ ২০২৩-এ আইটি বিভাগের অংশগ্রহণ



৬ ও ৭ অক্টোবর ২০২৩ খ্রি., অনুষ্ঠিত "নাসা স্পেস এ্যাপস চ্যালেঞ্জ ২০২৩" এ বেসিস স্টুডেন্ট ফোরাম ইউআইটিএস চান্সারের হয়ে আইটি বিভাগের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। উল্লেখ্য, অনুষ্ঠানে সিলেট বিভাগের রিজিওনাল নেতৃত্বে ছিলো উক্ত বিভাগের শিক্ষার্থী জনাব তানীম হাসান নূর এবং ভলান্টিয়ার হিসাবে ছিলো জনাব ঋতু বর্না ও জনাব সায়েদ বিন আজাদ।

## ক্যারিয়ার সচেতনতা শীর্ষক সেমিনার



ফার্মেসি বিভাগের ফার্মেসি ক্লাবের উদ্যোগে ২৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রি., রত্নগর্ভা তাহমিনা রহমান মাল্টিপারপাস হলে ফার্মা সপ্তাহ ২০২৩ এর অংশ হিসাবে 'ক্যারিয়ার সচেতনতা' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে মূল আলোচকের বক্তব্য প্রদান করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের অধ্যাপক ড. সুকুমার বেপারী। ফার্মেসি শিক্ষা এবং ফার্মেসি স্নাতকদের ভবিষ্যৎ কর্মক্ষেত্র নির্বাচন সম্পর্কে দিক নির্দেশনা দেয়ার পাশাপাশি তিনি তথ্যবহুল আলোচনা উপস্থাপন করেন। আমন্ত্রিত অতিথির মাঝে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের সম্মানিত ডিন অধ্যাপক ড. মো. আশরাফুল ইসলাম প্রমুখ।

## সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে প্রাক্তন শিক্ষার্থীদের পুনর্মিলনী



১৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রি., ইউআইটিএস সিভিল ইঞ্জিনিয়ারিং অ্যালামনাই অ্যাসোসিয়েশনের উদ্যোগে প্রাক্তন শিক্ষার্থীদের নিয়ে পুনর্মিলনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে ভার্চুয়াল মাধ্যমে বক্তব্য প্রদান করেন বিশ্ববিদ্যালয় ও পিএইচপি ফ্যামিলির মাননীয় চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান। চেয়ারম্যান মহোদয় তাঁর বক্তব্যে বলেন, 'ইউআইটিএস কেবল একটি প্রতিষ্ঠানই নয়, এটি একটি পরিবার। আপনারা সবাই এ পরিবারের সদস্য। আপনারা দক্ষ প্রকৌশলী এবং পাশাপাশি ভালো মানুষ হিসাবে দেশের সেবায় নিজেদের বিলিয়ে দিবেন, সেই প্রত্যাশা আমার।'

বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া বিশেষ অতিথির বক্তব্যে বলেন, 'এ ধরণের একটি ব্যতিক্রমধর্মী আয়োজনের জন্য আমি সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করছি। শিক্ষার্থীরা কর্মজীবনে প্রবেশ করেও যে, বিশ্ববিদ্যালয়ের প্রতি ভালোবাসার জায়গা থেকে এমন একটি অনুষ্ঠানের আয়োজন করেছে, এটি সত্যিই প্রশংসার দাবী রাখে।

পুনর্মিলনী অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসাবে আরো ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান জনাব আয়শা আজার। দিনব্যাপী আয়োজনের শেষ পর্বে ছিলো গেইম শো ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

## Bangladesh-Korea Green Uni for Net Zero



The Institutional Quality Assurance Cell (IQAC) of the University of Information Technology and Sciences (UITS) hosted a meeting on 30 January 2024, with representatives of the Bangladesh-Korea Green Uni for Net Zero delegation team from DAEJAYON, Seoul, South Korea.

## 3rd Consecutive Lit Fest hosts by the Department of English



In a splendid celebration of literature and culture, the Department of English, UITS inaugurated the "Lit Fest 2023," marking the third consecutive year of this literary extravaganza. The four days long event kicked off on 15 October 2023, with an array of festivities, seminars, workshops, captivating cultural programs.

The grand opening of Lit Fest 2023 commenced with a colorful rally graced by distinguished guests, students, teachers, alumni, and staff, painting a vibrant illustration of literary enthusiasm. Among the luminaries present were Prof. Dr. Md. Abu Hashan Bhuiyan, Honorable Vice Chancellor (Acting), UITS, Prof. Dr. Siraj Uddin Ahmed, Treasurer, Prof. A. N. M. Shareef, Controller of Examination, UITS, Ms. Syeda Afsana Ferdousi, Dean, Faculty of Liberal Arts and Social Sciences, and Ms. Naima Afrin, Head of the Department of English, along with other faculty members.

In the festival's first day, a seminar titled "Literature, Language and Life" was held at 11:00 am in the Ratnagarva Tahmina Rahman Multipurpose Hall. The seminar, graced by valiant freedom fighter Professor Kaiser Haq as the Chief Guest and Professor Dr. Sayeedur Rahman as the Special Guest.

Following the seminar, the festival continued with a workshop entitled "Competitive Advantages of Skilled Workers in the Current Corporate Market." Distinguished keynote speaker Ms. Khaleda Parvin Ruma, Human Capital and Development Manager, Pan Pacific Sonargaon, Dhaka, shared her insights and expertise with the students.

## An Industrial Visit to Ulterior Engineering was arranged by The Department of EEE



On 10 June 2023, the Department of EEE arranged an Industrial Visit to Ulterior Engineering. Students from all semesters participated in the visit. The session started at 10 am with an opening speech followed by an introduction to all the industrial-level automation equipment like circuit breakers, relays, NO-NC switches, PLCs, etc. Then students were given hands-on training to explore the equipment. Students were given the opportunity to apply for internship and extended training options as the session came to an end at 2:00 pm.

## Workshop on "Job Placement and Internship Opportunities"



The Department of Business Studies organized a Career Workshop on "Job Placement and Internship Opportunities" on 16 October 2023, at Ratnagarva Tahmina Rahman Multipurpose Hall. The seminar was conducted by Mr. Hasib Howlader, Director of Hudson Wier Ltd. and Chairman of HNC Outsourcing Ltd. They offered the job opportunity as well as internship for fresh graduates. All students are encouraged to attend this seminar and come forward with their CVs.



## Symposium with Visiting Professors of Universiti Malaysia Perlis



Institutional Quality Assurance Cell (IQAC) organized Symposium with Visiting Professors Universiti Malaysia Perlis on 26 October 2023, at Ratnagarbha Tahmina Rahman Multipurpose Hall. All the Faculty members participated in the Symposium, topic “OBE, Research and Innovation” with a delegation of three Visiting Professors of Universiti Malaysia Perlis.

Honorable Vice-Chancellor Professor Dr. Md. Abu Hashan Bhuiyan graced the Symposium as the Chief Guest with his valuable address and Treasurer Professor Dr. Siraj Uddin Ahmed attended as a Special Guest. Registrar, Mohammad Kamrul Hasan, Deans of Faculties, Heads of the Departments and more than 100 Faculty members participated in the interactive session. Director of IQAC Engineer Md. Safaet Hossain moderated the Symposium with Visiting Professors.

## Sports Week-Department of Business Studies



The Department of Business Studies recently completed its "Sports Week". The event was a resounding success, with students, faculties and staff members coming together to celebrate the spirit of sportsmanship and camaraderie. The Nutrition Sponsor was Care Nutrition Ltd.

On 12 October 2023, the Department of Business Studies concluded its "Sports Week" with a prize giving ceremony. The ceremony was attended by distinguished guests, including the Honorable Vice Chancellor Professor Dr. Md. Abu Hashan Bhuiyan, Treasurer Prof. Dr. Siraj Uddin Ahmed, Registrar Mohammad Kamrul Hasan; Dean Dr. Farooq Hossan and the Head of the Dept. of Business Studies Dr. Mahadi Hasan.

## Seminar on "Introduction to Google Crowdsourc



Institutional Quality Assurance Cell (IQAC) organized a seminar on “Introduction to Google Crowdsourc” on 16 October 2023, at UITS Conference Room. Sarita Behera, Community Manager of Google Crowdsourc from Bengaluru, India conducted the seminar. Google Crowdsourc is a platform that allows people to contribute to the improvement of Google products and services by completing tasks that require human intelligence. The seminar is a great opportunity for students to learn more about machine learning and how to get involved in this exciting field. It is also a good opportunity to network with other students and professionals interested in machine learning.

Engineer Md. Safaet Hossain, Director of IQAC-UITs described the importance of this Google Crowdsourc and explore machine learning application new era app for the students. At the end, Professor Dr. Md. Ashraful Islam, Dean, Faculty of Science and Engineering expressed his futuristic review and feedback with the announcement of seminar’s end. Google Crowdsourc provided Certificate of Completion among 8 participants of UITs to complete the Explore ML with Crowdsourc Beginner Track, as an acknowledgement of successful workshop completion.

## APrIGF local hub UITs



The University of Information Technology and Sciences (UITs) has been selected as the local hub for the Asia Pacific Regional Internet Governance Forum (APrIGF 2023). APrIGF serves as a platform for discussion, exchange and collaboration at a regional level and also where possible to aggregate national IGF discussions, ultimately advancing Internet governance development in the Asia Pacific region.



The APrIGF 2023 is a Hybrid Event was held in Brisbane, Australia on 29-31 August 2023. We are delighted to be co-locating with APrIGF. Under the hybrid model, all sessions was conducted through a virtual platform, with live streaming to various channels, while the physical venue provides a space for participants to gather face-to-face.

### **UITS hosts prestigious Prize giving Ceremony: Recognizing Excellence in Smart Bangladesh Day 2023 Programming Contests and ICT Quiz Contest**



The University of Information Technology and Sciences (UITS) hosted a remarkable “Certificate and Prize Giving Ceremony” on 15 December 2023, at the UITS Conference Room, commemorating the outstanding achievements of participants in the “Smart Bangladesh Day 2023 ICT Quiz Contest” and “Smart Bangladesh Day 2023 Computer Programming Contest.” This online extravaganza, open to individual programmers from College and University levels nationwide, drew widespread interest, with over 500 registered participants showcasing their prowess on platforms like Toph and Hacker Rank.

The Institutional Quality Assurance Cell (IQAC), Bangladesh Open Source Network (BdOSN), and the Department of Computer Science and Engineering (CSE) collaboratively organized this initiative, reflecting a holistic approach to technological advancement in education.

The esteemed Chief Guest, Honorable Vice-Chancellor Professor Dr. Md. Abu Hashan Bhuiyan, and Special Guest Treasurer Professor Dr. Siraj Uddin Ahmed, added prestige to the occasion. The ceremony unfolded with illuminating addresses by Professor Dr. Md. Ashraful Islam, Dean, Faculty of Science & Engineering, Registrar Mohammad Kamrul Hasan and Al-Imtiaz, Assistant Professor & Head, Department of CSE. Engineer Md. Safaet Hossain, Director, IQAC, presided over the ceremony.

### **UITS Computer Club Hosts Informative Seminar on Higher Study in USA**



The Computer Club of the UITS organized a seminar titled "Higher Study in USA" on 31 July 2023, at UITS campus. This event was a significant initiative to guide students interested in pursuing higher education abroad, particularly in the United States. The seminar was graced by Mr. Al Imtiaz, the Head of the Department of CSE and the Moderator of the Computer Club, along with Mr. Mrinmoy Biswas Akash, Lecturer and Mentor of the Computer Club. The keynote speaker of the seminar was Mr. Uchswas Paul, lecturer in the CSE Department. He shared his comprehensive experience of pursuing higher education abroad, including the steps and strategies that facilitated his journey.

### **Educational Excursion Visit of the Students of the Department of Civil Engineering to the Bangabandhu Military Museum**



On 12 October 2023, a memorable chapter was added to the academic journey as the students of the Civil Engineering Department of UITS embarked on a fascinating study tour to the Bangabandhu Military Museum, Bijoy Sarani.

The students had the privilege of witnessing the legacy of the founding father of the nation, Bangabandhu Sheikh Mujibur Rahman, whose vision and determination paved the way for our beloved Bangladesh.

It was a profound experience for the students that left them with a renewed sense of gratitude and pride in their heritage. The Faculty members of the Department of Civil Engineering and UITS Civil Engineering Club played an important role in arranging such a remarkable event.

## Seminar on “Let’s Code Your Career through Problem-Solving” hosted by CSE Department



A seminar titled 'Let’s Code Your Career Through Problem-Solving' successfully hosted at UITS on 14 September 2023. The seminar was arranged by UITS Computer Club, in collaboration with the Bangladesh Open Source Network (BdOSN). The event was a resounding success, filled with enthusiasm, learning, and interactive discussions.

Mr. Munir Hasan, General Secretary, Bangladesh Open Source Network added a special dimension to the event. His spontaneous participation and invaluable insights into the tech industry greatly inspired the students. His presence underscored the importance of industry-academia collaboration and provided a great source of motivation for the attendees.

## Project Showcase day organized by the Department of Computer Science and Engineering (CSE)



On 31 December 2023, and 1 January 2024, the Department of Computer Science and Engineering at the University of Information Technology and Sciences (UITS) hosted a project demonstration as part of capstone project. Total 160 students divided into 45 teams participated in this program. The event aimed to boost up the students’ future career endeavors.

The Honorable Vice Chancellor of UITS, Professor Dr. Md. Abu Hashan Bhuiyan, followed by the Honorable Treasurer Prof. Dr. Siraj Uddin Ahmed, and the Honorable Director of Finance and Accounts Mr. Sobhit Bikash Barua, FCMA.

The Honorable Dean of the Faculty of Science and Engineering, Professor Dr. Md. Ashraful Islam and Head of the Department of CSE Mr. Al-Imtiaz were present in the event. The event was enlightened by Mr. Mohammad Moniruzzaman, the Managing Director and CEO at OS IT Solutions Ltd. Bangladesh, as a special guest from the industrial advisory panel. All faculty members attended to support and celebrate the students’ achievements.

## Huawei ICT Competition 2023-2024



“Huawei ICT Competition 2023-2024” Road show and Seminar engages UITS students: A Gateway to Global Innovation HUAWEI, a leading global provider of information and communications technology (ICT) infrastructure and smart devices, organized the “Huawei ICT Competition 2023-2024” road show to engage with students and Faculty at the University of Information Technology and Sciences on 11 November 2023. The Institutional Quality Assurance Cell (IQAC), UITS further facilitated a seminar on “Huawei ICT Competition 2023-2024” at Ratnagarbha Tahmina Rahman Multipurpose Hall on the same day. The seminar commenced with welcome remarks from Engineer Md. Safaet Hossain, Director of IQAC. Professor Dr. Md. Ashraful Islam, Dean, Faculty of Science & Engineering and Al-Imtiaz, Assistant Professor & Head of CSE Departments, enriched the session with their valuable addresses. Guest speakers from Huawei Technologies (Bangladesh), Mr. Md. Shajahan Ahmed, Channel Partner Relationship Manager, South Asia Enterprise Business Group, and Mr. Md. Edul Hasan Mithun, Partner Operations Manager, South Asia Enterprise Business Group, delivered two presentations on this prestigious event.

The Huawei ICT Competition is a global event, now in its second iteration in Bangladesh, operates under the theme of ‘Connection, Glory, and Future.’ The global round of the competition in 2023-2024 will involve participation of 150,000 students from over 2,300 universities across 80 countries. Huawei offers students an opportunity to learn from Huawei experts and pose questions about the HUAWEI ICT Competition 2023-2024, as part of its commitment to enhancing the ICT knowledge of the young generation.



## Nepal Embassy in Dhaka welcomes Delegations of Nepal and UITS



On 18 January 2024, the Embassy of Nepal welcomed thirty member Nepali delegations from Sukuna Multiple Campus-affiliated to Tribhuvan University, Nepal and delegation from University of Information Technology and Sciences (UITS).

In a brief interaction, Ambassador, H.E. Mr. Ghanshyam Bhandari highlighted the importance of educational exchanges in consolidating the people to people contacts, which constitute the bedrock of Nepal-Bangladesh relationship.

Mr. Mohammad Kamrul Hasan, Registrar of UITS represented the University.

## Koica Daejyon Korea Program



The Institutional Quality Assurance Cell (IQAC) of the University of Information Technology and Sciences hosted a meeting on 6 March 2024, with representatives from the DAEJAYON ‘KOICA Volunteer Group Dispatch Program’ supported by the Korea International Cooperation Agency (KOICA) delegation team from DAEJAYON, which is comprised of university students from around the world based in Seoul, South Korea. The discussion meeting was graced by the presence of the Honorable Vice Chancellor Professor Dr. Md. Abu Hashan Bhuiyan, Professor Dr. Siraj Uddin Ahmed, the Treasurer, Mohammad Kamrul Hasan, the Registrar and Engineer Md. Safaet Hossain, Director of IQAC were also present in the meeting.

## MoU Signing Ceremony between UITS and Tribhuvan University (TU), Nepal



The University of Information Technology and Sciences (UITS) marked a significant milestone in international academic collaboration through a recent event hosted by Institutional Quality Assurance Cell (IQAC). A delegation of thirty faculty members from Sukuna Multiple Campus, affiliated with Tribhuvan University (TU) in Nepal, visited UITS to sign a momentous Memorandum of Understanding (MoU) on 18 January 2024.

The MoU signing ceremony, graced by the presence of esteemed dignitaries from UITS, including Professor Dr. Md. Abu Hashan Bhuiyan, the Vice Chancellor; Professor Dr. Siraj Uddin Ahmed, the Treasurer; Mohammad Kamrul Hasan, the Registrar; and Engineer Md. Safaet Hossain, Director of IQAC, underscored the pivotal importance of this collaboration for UITS.

Representing Sukuna Multiple Campus, Campus Chief Professor Arjunraj Adhikari, alongside President of the Campus Management Committee Mr. Keshav Adhikari, Vice President Lalit Bahadur Shrestha, and other esteemed members, solidified the bilateral agreement with their esteemed presence.

The MoU signifies a steadfast commitment to academic cooperation between UITS and Sukuna Multiple Campus, aiming to foster profound understanding, propel advancement in diverse academic fields, and facilitate enriching cultural exchange among the student and faculty communities of both institutions.



**Alhaz Sufi Mohamed Mizanur Rahman**  
Chairman  
Board of Trustees of UITS & PHP Family

*‘The growth and development of life as a whole enhanced by focusing and interacting with others in care of spirit and spiritual practices. We, as UITS Family, are trying to improve our life by focusing on other aspects of life as well.’*

## সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অনুষদ

	সর্বমোট ফি (টাকা)
বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং	৪,৯৭,৭০০
বিএসসি ইন সিএসই	৫,৬০,৭০০
ব্যাচেলর অব ফার্মেসি	৫,৮১,৭০০
বিএসসি ইন ইইই	৫,৬৪,২০০
বিএসসি ইন আইটি	৪,৮৮,৭০০
বিএসসি ইন ইসিই	৫,৬০,৭০০
এমএসসি ইন সিএসই	১,৩৮,৪০০
এমএসসি ইন টেলিকম. ইঞ্জিনিয়ারিং	১,৩৮,৪০০

## বিজনেস অনুষদ

বিবিএ	৪,৭৩,১০০
এমবিএ (বিবিএ গ্রাজুয়েট)	১,৬২,২০০
ইএমবিএ	১,৭৩,৯৫০
এমবিএ (রেগুলার)	২,৪১,৭০০


## আইন অনুষদ

এলএলবি (অনার্স)	৫,১৭,৯০০
এলএলএম	১,১০,২০০

## লিবারেল আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস অনুষদ

বিএ (অনার্স) ইন ইংলিশ	৩,৭৫,৭০০
বিএসএস ইন সোশ্যাল ওয়ার্ক	২,৯৩,৭০০
এমএ ইন ইংলিশ (ইংলিশ গ্রাজুয়েট)	১,১৮,২০০
এমএ ইন ইংলিশ (অন্যান্য)	২,০৯,৩০০
এমএসএস ইন সোশ্যাল ওয়ার্ক	৮২,২০০

## প্রমোশনাল বৃত্তি ও ওয়েভার



- ☑ সুফি মোহাম্মদ মিজানুর রহমান ফাউন্ডেশন বৃত্তি তহবিল (আর্থিক সমস্যাসহ মেধাবী শিক্ষার্থীদের জন্য)
- ☑ রত্নগর্ভা তাহমিনা রহমান বৃত্তি তহবিল (সেমিস্টার ফলাফলের ভিত্তিতে)
- ☑ সম্মানিত চেয়ারম্যান, বিওটি সদস্য ও উপাচার্যের বৃত্তি \* শর্ত প্রযোজ্য

১০% এসএসসি + এইচএসসি মোট জিপিএ ৮.০  
এসএসসি + ডিপ্লোমা মোট জিপিএ ৭.০

১৫% এসএসসি + এইচএসসি মোট জিপিএ ৮.৫  
এসএসসি + ডিপ্লোমা মোট জিপিএ ৭.৫  
(কার্মেসি ব্যতীত)

২০% এসএসসি + এইচএসসি মোট জিপিএ ৯.০  
এসএসসি + ডিপ্লোমা মোট জিপিএ ৮.০

৩০% এসএসসি + এইচএসসি মোট জিপিএ ৯.৫  
এসএসসি + ডিপ্লোমা মোট জিপিএ ৮.৫

৪০% এসএসসি + এইচএসসি মোট জিপিএ ১০.০  
এসএসসি + ডিপ্লোমা মোট জিপিএ ৯.০

১০০% এসএসসি + এইচএসসি মোট জিপিএ ১০.০ (চতুর্থ বিষয় হাড়া, শর্ত সাপেক্ষে), অবশিষ্টদের জন্য ৫০% ওয়েভার



LOCATION MAP

